গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত জানুয়ারি/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৮ জানুয়ারি ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সম্মেলন কক্ষ (রুম নম্বর ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ১৫/১২/২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ডিসেম্বর/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | |

**২) ডিসেম্বর/২০২২ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআর সেন্টারের প্রতিবেদন | AMC এর প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। AMC করা না থাকলে যেমন সফটওয়ার আপডেট নিয়মিতভাবে করা যায় না, অন্যদিকে AMC করার ফলে ভেন্ডরদের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায় মর্মে সভায় আলোচনা হয়। সভায় বাস্তবায়নাধীন সিটিডিআর ফেইজ-২ প্রকল্প থেকে AMC এর scope প্রয়োজন অনুযায়ী নির্ধারণের পরামর্শ দেয়া হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিষয়ে একটি সভা জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে ডিসেম্বর/২০২২ এর মধ্যে অনুষ্ঠান করতে হবে। | সভা করা হয়েছে। গঠিত প্রাক্কলণ কমিটির কাজ চলমান রয়েছে। | সভার নোটিশ এবং সভার কার্যবিবরণী জারি না করে সভা করায় মহাপরিচালক অসন্তোষ প্রকাশ করেন। পরবর্তীতে সভার নোটিশ জারি করে সভা করতে হবে এবং এর কার্যবিবরণী মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।<br>এছাড়া সভায় সিটিডিআর সেন্টারের সাথে সংযুক্ত আইআইজিগুলো নিয়মিতভাবে পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ২৫ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে উক্ত সভা এবং প্রয়োজনীয় কার্যক্রম পরিচালক (পিএসটিএন ও গেটওয়ে) সম্পন্ন করবেন। |
| ২ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্প | সভায় সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। প্রকল্পের আওতাধীন ক্রয় প্যাকেজসমূহের প্রকিউরমেন্ট প্লান মহাপরিচালকের নিকট ডিসেম্বর/২০২২ এর মধ্যে দাখিল করতে হবে। | যথাসময়ে মহাপরিচালক মহোদয়ের নিকট প্লান দাখিল করা হয়েছে।<br>এছাড়া প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয় প্যাকেজের কারিগরি বিনির্দেশ প্রস্তুতের কাজ সম্পন্ন করা হয়েছে। ২/১ দিনের মধ্যে দরপত্র আহবান করা হবে। | বাস্তবায়ন অগ্রগতি মোতাবেক দ্রুত দরপত্র আহবান করা প্রয়োজন। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে উক্ত ক্রয় প্যাকেজের দরপত্র আহবান করবেন। |
| ৩ | টেলিযোগাযোগ অধিদপ্তরের ভবিষ্যৎ পরিকল্পনা | টেলিযোগাযোগ অধিদপ্তর হতে নভেম্বর/২০২২ মাসে পিটিডিতে প্রেরিত ভবিষ্যত পরিকল্পনার বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।<br><br>**সিদ্ধান্ত:** জানুয়ারি/২০২৩ মাসের প্রথম সপ্তাহে একটি পর্যালোচনা সভা করতে হবে। | সভা অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। | অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) জানান যে, তিনি একটি সভা অনুষ্ঠান করেছেন যার একটি উপস্থাপনা অদ্যকার সভায় অন্তর্ভূক্ত আছে। | |

**৩) জানুয়ারি/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|

<table>
<tr>
<td>১</td>
<td>বাজেট বাস্তবায়ন অগ্রগতি</td>
<td>টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট/ সংশোধিত বাজেট মোতাবেক খরচের বিবরণী।</td>
<td>পরিচালক (অর্থ) বাজেট বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।
<table>
<tr><th>খাতসমূহ</th><th>ব্যয়ের %</th><th>মোট লক্ষ্যমাত্রার ব্যয়ের হার (%)</th></tr>
<tr><td>কর্মচারীদের প্রতিদান</td><td>৯৮.১৫</td><td>৩৭.৩১</td></tr>
<tr><td>পণ্য ও সেবার ব্যবহার</td><td>২১.৬২</td><td>১১.০৯</td></tr>
<tr><td>অআর্থিক সম্পদ</td><td>০</td><td>৩৮.৪৮</td></tr>
</table>
তিনি জানান যে, অনাবাসিক ভবনে এবং টেলিযোগাযোগ সরঞ্জামাদি খাতে যে ব্যয় হয়েছে তা সিএএন্ডএফও কার্যালয়ে প্রেরিত হলেও ibas++ এ তার প্রতিফলন হয়নি। এছাড়া বিটিসিএল এনটিটিএন সার্ভিসের জন্য বিলটি অনুমোদনের অপেক্ষায় রয়েছে।<br>
এই বিষয়ে মহাপরিচালক জানান যে, বিলগুলি প্রেরণে অর্থ অনুবিভাগ বিলম্ব করে।<br>
এনটিটিএন এর বিলগুলিতে ভ্যাটের বিষয়গুলি পরীক্ষা নিরীক্ষা আরও যত্নবান ও সতর্ক থাকার জন্য তিনি নির্দেশনা দেন।</td>
<td>(ক) অর্থ বিভাগের বিল পাওয়ার পর এক সপ্তাহের মধ্যে বিল সিএএন্ডএফও অফিসে প্রেরণ করতে হবে।<br><br>
(খ) বিলে কোনো ভুল থাকলে তা বিল প্রাপ্তির ৩ কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট অফিস/ব্যক্তিকে পত্র মারফত জানাতে হবে।</td>
<td>(ক) পরিচালক (অর্থ)<br><br>
(খ) পরিচালক (অর্থ), পরিচালক (প্রশাসন) এবং পরিচালক (পিএসটিএন ও গেটওয়ে)</td>
</tr>
<tr>
<td>২)</td>
<td>বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন</td>
<td>২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি।</td>
<td>সভায় আলোচনা হয় যে কম্পিউটার ও আসবাবপত্র খাতে ব্যয় স্থগিত করা হয়েছে। অন্যান্য খাতসমূহে ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। কর্মচারীদেরকে পোশাক ক্রয়ের জন্য দরপত্র ইজিপিতে আহবান করা হয়েছে।<br>
মহাপরিচালক আশা প্রকাশ করেন যে, প্রত্যেক কর্মচারী রুচিসম্মত সুন্দর পোশাক পরিধান করে কর্মস্থলে আসবেন।</td>
<td>দ্রুত ক্রয়কার্য সম্পন্ন করতে হবে।</td>
<td>পরিচালক (আইসিটি) এবং পরিচালক (প্রশাসন)</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩) | পদোন্নতি সংক্রান্ত অগ্রগতি | ক) 'টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২' এর প্রেক্ষিতে (প্রতিযোগিতামূলক বিভাগীয় পরীক্ষা ব্যতিত) জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন ও পদোন্নতি সংক্রান্ত কাজের জন্য গঠিত কমিটির অগ্রগতি প্রতিবেদন।<br><br>খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২২' এর প্রেক্ষিতে যে সকল পদে পদোন্নতির জন্য ফিডার পদধারীদের পরীক্ষার বিধান রয়েছে তাদের বিধি মোতাবেক জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নসহ অন্যান্য কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন। | (ক) কর্মচারীদের মামলার তথ্য প্রেরণের জন্য বিটিসিএলসহ অন্যান্য সংস্থায় পত্র দেয়া হয়েছে। তথ্যপ্রাপ্তির পর ডিপিসি করা হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>(খ) সভায় জানানো হয় যে, পদোন্নতির নিমিত্ত পদভিত্তিক কমিটি করা হয়েছে। কমিটি প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়নসহ যাবতীয় কার্যাদি শেষে চূড়ান্ত মেধা তালিকা দাখিল করবেন। | (ক) পদোন্নতি প্রদানের জন্য যে সকল তথ্য বিটিসিএল থেকে চাওয়া হয় তা দ্রুত প্রদানের বিষয়ে একটি সভা অনুষ্ঠান করতে হবে। সভার জন্য বিটিসিএলের এমডি মহোদয়কে আমন্ত্রণ জানাতে হবে।<br><br>(খ) প্রতিটি পদে পদোন্নতির জন্য কর্মচারীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করতে হবে। চূড়ান্ত প্রার্থীর তালিকা কমিটির নিকট প্রেরণ করতে হবে।<br>চূড়ান্ত তালিকা মোতাবেক যাবতীয় কার্যক্রম সংশ্লিষ্ট কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করবেন। | ক) পরিচালক (প্রশাসন)<br><br>(খ) পরিচালক (প্রশাসন) |
| ৪) | টেলিযোগাযোগ অধিদপ্তরের ভবিষ্যত পরিকল্পনা | ৮ম পঞ্চবাষিক পরিকল্পনা এবং টেলিযোগাযোগ অধিদপ্তরের উপর অর্পিত ২৫টি কাজের পরিধি অনুযায়ী ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন। | সভায় অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) এবং উপপরিচালক (সম্পদ ব্যবস্থাপনা-মোবাইল) একটি উপস্থাপনা প্রদর্শন করেন, যেখানে ডিওটি'র বর্তমান ও ভবিষ্যত করণীয় বিষয়গুলি বিবৃত হয়। এছাড়া, নিম্নলিখিত বিষয়গুলিতে বিবেচনার জন্য প্রণিধানযোগ্য:<br>১) প্রকল্পগুলো নিয়মিতভাবে মনিটরিং করা।<br>২) টেলিযোগাযোগ অধিদপ্তরের কার্যক্রমের উপর একটি অডিও-ভিজুয়াল ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত রাখা।<br>৩) সকলের সুবিধার্থে প্রেজেন্টেশনটি কার্যবিবরণীর সাথে প্রেরণ করা যেতে পারে। | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫) | ডিসেম্বর/২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ৬৬টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৭০টি আবেদনের ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৪০টি আবেদনের মধ্যে মাসান্তে ১২টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৯৯ টি জিপিএফ আবেদনের মধ্যে ২৭টি আবেদন জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৯৬টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৪৮টি। প্রক্রিয়াধীন আছে ৪৮টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিস্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্ট আবেদনের মধ্যে ১টি আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>ছ) নন-ক্যাডার ২১৬ জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | | সেবা মনিটরিং কমিটি |
| ৬) | বিবিধ | (ক) নিয়মিত উপস্থিতি<br><br>(খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের জন্য স্থায়ী ভবন নির্মাণ | (ক) অফিসে নিয়মিত উপস্থিতির বিষয়ে সভায় আলোচনা হয়। সকলকে অফিসে নিয়মিত উপস্থিত হতে হবে।<br><br>(খ) টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে বিভিন্ন ধরণের প্রকল্প হাতে নেয়া হচ্ছে। এসব প্রকল্পের জন্য বিদ্যমান অফিসে জায়গার সংকুলান হবে না। জরুরি ভিত্তিতে বড় পরিসরে স্থায়ী কোনো ভবনের নির্মানের ব্যবস্থা করা প্রয়োজন। | (খ) জায়গার জন্য পিটিডিতে পত্র প্রেরণ করতে হবে। পত্রে অধিদপ্তরে কী কী প্রকল্প আসছে সেটা উল্লেখ করতে হবে। | (খ) পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

র. ইসলাম

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৬

তারিখ: ৫ মাঘ ১৪২৯
১৯ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন

পরিচালক